

ম্নাতকোত্তর পাঠক্রম

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০০৮

বাংলা (পঞ্চম পত্র)

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৮০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বরের কেটে নেওয়া হবে। উপাস্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ১৮×২=৩৬

ক) 'সংস্কৃতি' বলতে ঠিক কী বোঝায়? গোপাল হালদারের বক্তব্য অনুসারে আলোচনা করুন। সংস্কৃতির সংজ্ঞা ও উপাদান প্রসঙ্গে তাঁর অভিমতগুলি বিস্তৃতভাবে বিশ্লেষণ করুন।

খ) 'সাম্য' সম্বন্ধে রুশো ও ফরাসি বিপ্লব সম্পর্কে বঙ্কিমচন্দ্রের অভিমতের যথার্থ্য বিচার করুন।

গ) "সৌন্দর্যবুদ্ধি মানবধর্ম"— রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর এই বক্তব্য প্রয়োজনীয় কয়েকটি উদাহরণসহ আলোচনা করুন।

ঘ) 'কৌতুকহাস্য' ও 'কৌতুকহাস্যের মাত্রা' প্রবন্ধ দুটির আঙ্গিক বিশ্লেষণ করে রচনা হিসেবে এদের জাতি নির্ণয় করুন।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন : ১২×৩=৩৬

ক) ভারতীয় রীতিবাদে শৈলীর স্থান সম্পর্কে ধারণাটি স্পষ্ট করুন।

খ) ক্রমের অন্তর্ভুক্ত পাঠ্য কোনো একটি ছোটোগল্পের শৈলীবিচার করুন।

গ) কবিতার শৈলীবিচারের প্রয়োজনীয় উপাদানগুলি কী কী আলোচনা করুন।

ঘ) উপন্যাসের ভাষা নিয়ে শৈলীবৈজ্ঞানিক ধারণাটি বিশদভাবে বিচার করুন।

- ঙ) 'গল্পের গাঁটছড়া' প্রবন্ধটির মূল বিষয় কী আলোচনা করুন।
- চ) 'উত্তর-তিরিশ' রচনায় বুদ্ধদেব বসু কোন্ কোন্ প্রসঙ্গের উল্লেখ করেছেন লিখুন।
- ৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন : ৭×৪=২৮
- ক) সংস্কৃতি প্রসঙ্গে সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের বিশেষ দৃষ্টিভঙ্গির পরিচয় দিন।
- খ) শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের রূপকথা আলোচনার তিনটি বৈশিষ্ট্য লিখুন।
- গ) 'ভেজাল ও নকল' প্রবন্ধটির শ্রেণিবিচার করুন।
- ঘ) বহুসময়েই সমাজের প্রবীণদের কাছে কৌতুকরস কেন ছাবলামি মনে করা হয়?
- ঙ) "মাত্রাভেদের তর-তমতাতেই হাসিকান্না উদ্ভিক্ত হয়"—মন্তব্যটি বিচার করুন।
- চ) বুদ্ধদেব বসু রচিত 'আড্ডা'র বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিখুন।
- ছ) রামমোহনের কলকাতাবাস তথা 'বেদান্ত গ্রন্থ' প্রকাশকে ওদুদ বাংলার নবজাগরণের সূচনা বলতে চেয়েছেন কেন, আলোচনা করুন।
- জ) "মানুষ অন্ধশক্তির হাতের পুতুল মাত্র"—এই ধারণার যাথার্থ্য বিচার করুন।